হরিতোষণব্রতব্যাখ্যায় শ্রীধরস্বামীপাদ একাদশীব্রতপর ব্যাখ্যাই করিয়াছেন। অতএব শ্রীভগবানের মহাপ্রসাদ আস্বাদন করাই যাহার একান্ত ব্রত, সেই শ্রীমহানুভব শ্রীঅম্বরীষ মহারাজের আচার দেখাইবার জন্য একাদশ্যাদি-ব্রতের অবশ্যকর্ত্তব্যতা নিশ্চিত হইতেছেন, অর্থাৎ যে শ্রীঅম্বরীষ মহারাজ "শ্রীমদত্তুলস্যা রসনাং তদর্পিতাং" অর্থাৎ শ্রীতুলসীর সহিত ভগবদর্পিত নৈবেদ্য ভোজনে নিজ রসনাকে সমর্পণ করিয়াছিলেন, তিনিও নিয়মিতভাবে শ্রীশ্রীএকাদশীব্রত অনুষ্ঠান করিয়াছিলেন। অতএব শাস্ত্র হইতে এবং সদাচার হইতে শ্রীএকাদশ্যাদি ব্রতের নিত্যত্ব পাওয়া যায়। অনন্তর প্রস্তুত বিষয় অনুসরণ করিতেছি। ভগবদ্‌বশীকরণ মুখ্য ও গৌণ ভেদে দুই প্রকার ; তন্মধ্যে মুখ্য বশীকরণে প্রেমলাভ করা যায়। ৫।৬।১০ শ্লোকে শ্রীশুকমুনি পরীক্ষিৎ মহাশয়কে বলিয়াছেন—হে রাজন ! শ্রীভগবান্ মুকুন্দ ভজনকারী ভক্তকে মুক্তিদান করেন, কিন্তু যথাযোগ্য না হইলে অর্থাৎ অন্য কোন কোন আবেশশূন্য না হইলে প্রেম দেন না। অতএব গৌণ বশীকরণে অন্য ফল অর্থাৎ স্বর্গ মোক্ষ পর্য্যন্ত ফল হয়। এস্থানে মুখ্য বশীকরণ শ্রীগোপী প্রভৃতিতে, গৌণ বশীকরণ বলিরাজ প্রভৃতিতে। গৌণ বশীকরণটি ফলদান করিবার জন্য শ্রীভগবান্‌কে উন্মুখ করা। এই দুই প্রকার বশীকরণ বিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন—সংসঙ্গেন হি দৈতেয়া যাতুধানা মৃগাঃ খগাঃ। গন্ধর্ব্বাপ্সরসো নাগাঃ সিদ্ধাশ্চারণগুহ্যকাঃ বিদ্যাধরা মনুষ্যেষু বৈশ্যাঃ শূদ্রাঃ-স্ত্রিয়োঽন্ত্যজাঃ। রজস্তমঃপ্রকৃতয়স্তস্মিং তস্মিন্ যুগে যুগে॥ বহবো মৎপদং প্রাপ্তাস্ত্বাষ্ট্রকায়াধবাদয়ঃ। বৃষপর্বা বলির্বানো ময়শ্চাস্ব বিভীষণঃ॥ সুগ্রীবো হনুমানৃক্ষো গজো গৃধ্রো বণিক্‌পথঃ। ব্যাধঃ কুব্জা ব্রজে গোপ্যা যজ্ঞ-পত্ন্যস্তথাপরে॥২৩৯॥

দৈতেয়াস্তদুপলক্ষিতাসুরদানবাশ্চ। যাতুধানাঃ রাক্ষসাঃ। তজ্জাতিষু দিগ্‌দর্শনং ত্বাষ্ট্রেত্যাদি। ত্বাষ্ট্রো বৃত্রাসুরঃ। বৃত্রাসুরস্য সৎসঙ্গঃ প্রাগ্‌জন্মনি শ্রীনারদাঙ্গিরসোঃ সঙ্গঃ শ্রীসঙ্কর্ষণসঙ্গশ্চ প্রসিদ্ধঃ। কায়ধবঃ কয়াধুপুত্রঃ প্রহ্লাদঃ। অস্য গর্ভে শ্রীনারদসঙ্গঃ। আদিশব্দগৃহীতান্ পূর্ব্বোক্তজাতিক্রমেণ কতিচিদ্ গণয়তি বৃষেতি। বৃষপর্ব্বা দানবঃ। অয়ং হি জাতমাত্র-মাতৃপরিত্যক্তো মুনিপালিতো বিষ্ণুভক্তো বভূবেতি পুরাণান্তর-প্রসিদ্ধিঃ। বলেঃ শ্রীপ্রহ্লাদসঙ্গঃ শ্রীবামনসঙ্গশ্চ। তদনন্তরমেব ভক্ত্যুদ্বোধদর্শনাৎ। বাণস্য বলিমহেশভগবৎসঙ্গঃ। অস্য ভুজকর্ত্তনানন্তরং জ্ঞাতবিষ্ণুমহিম্নো মহাভাগবতমহেশ-প্রাপ্তিরেবস্ব-প্রাপ্তিরিত্যুচ্যতে। ময়ো দানবঃ। অস্য সভানির্ম্মাণাদৌ পাণ্ডবসঙ্গো ভগবৎসঙ্গশ্চ। অন্তে তৎপ্রাপ্তিশ্চ জ্ঞেয়া। বিভীষণো যাতুধানঃ। অস্য হনুমৎসঙ্গো ভগবৎসঙ্গশ্চ। সুগ্রীবাদ্যা গজান্তা মৃগাঃ। তত্র ঋক্ষো জাম্ববান্। অস্য ভগবৎসঙ্গঃ।